

## কমিউনিটি ডেভেলপমেন্ট এন্ড হেলথ কেয়ার সেন্টার (সিডিএইচসি)

গলাচিপা, পটুয়াখালী

### সিনিয়র ম্যানেজমেন্ট টাইমের বিশেষ সভার কার্যবিবরণী

তেন্ত্য: প্রধান কার্যালয়

তারিখ: ০২/০১/২০২৩ইং

১১ জানুয়ারী, ২০২৩ইং রোজ রবিবার বিকাল ২.৩০ ঘটিকায় প্রধান কার্যালয়ে নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে সিনিয়র ম্যানেজমেন্ট টাইমের এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপ নির্বাহী পরিচালক, পরিচালক-প্রোগ্রাম, প্রধান হিসাব রক্ষক, এরিয়া ম্যানেজার ও সিনিয়র ম্যানেজার-এইচআর অংশগ্রহণ করেন। সভায় আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্তবলী গৃহীত হয়ঃ

১. উর্ধ্বতন কর্মকর্তাগণ জানুয়ারী ২০২৩ইং থেকে শাখা কার্যালয়ে নিয়মিত অফিস করবেন। তারা সঙ্গাহে কোন শাখায় কতদিন অবস্থান করবেন তা লিখিতভাবে নির্বাহী পরিচালককে অবহিত করবেন।
২. উর্ধ্বতন কর্মকর্তাগণ সাম্প্রতিক ভিত্তিতে কর্মপরিকল্পনা তৈরি করবেন এবং এর অগ্রগতি রিপোর্ট প্রতি শনিবারের মধ্যে নির্বাহী পরিচালকের কাছে দাখিল করবেন। তারা পিছনের বকেয়া আদায় এবং চলতি বকেয়া শূণ্য করার উপর জোর দিবেন।
৩. শাখা পর্যায়ে উর্ধ্বতন কর্মকর্তাগণ সকল ঋণ অনুমোদন দিবেন। তারা ঋণী সদস্য বাচাই করার সময় শাখা ব্যবস্থাপক বা সংশ্লিষ্ট ফিল্ড অফিসারকে সঙ্গে নিতে পারবেন না। ঋণী সদস্য বাচাই করার জন্য আলাদা কর্মীদের নিয়ে একটি কমিটি গঠন করে বাচাই করতে হবে যারা মূলত এক্ষেত্রে থার্ড আই হিসেবে কাজ করবে।
৪. উর্ধ্বতন কর্মকর্তাগণ প্রধান কার্যালয় থেকে তাদের লাঞ্চ সাবসিডি বাবদ নগদ টাকা গ্রহণ করবেন এবং যে শাখায় তারা থাবেন সেখানে পরিশোধ করবেন।
৫. জরংরী ভিত্তিতে চিকনিকান্দি ও আমখোলা শাখায় গেস্ট রংমের ব্যবস্থা করতে হবে যাতে রাতের বেলা অবস্থান করা যায়। এ বিষয়ে এরিয়া ম্যানেজার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
৬. জানুয়ারী ২০২৩ইং থেকে গলাচিপা শাখা থেকে ০.৬০%, চিকনিকান্দি শাখা থেকে ০.৬০% এবং দশমিনা শাখা থেকে ০.৫০% ঋণ স্থিতির উপর সার্ভিস চার্জ প্রধান কার্যালয়ে আনা হবে। আমখোলা, পটুয়াখালী ও ধরান্ডি শাখা লোকসানে থাকায় আপত্ত সার্ভিস চার্জ আনা হাবে না।
৭. শাখা ব্যবস্থাপক পদে পদোন্নতি দেওয়ার জন্য সম্ভাবনাময়ী ফিল্ড অফিসারদের দক্ষতা বৃদ্ধি করার জন্য এরিয়া ম্যানেজার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
৮. নতুন ৬টি শাখা খোলার জন্য এলাকা জরিপ করতে হবে। এরিয়া ম্যানেজার এ বিষয়ে নেতৃত্ব দিবেন। নতুন শাখার জন্য সম্ভাব্য এলাকা হতে পারে- দুর্মকি, বাটফল, কালিশুরি, মির্জাগঞ্জ, কাঠালতলি ও রাঙাবালী।
৯. বাংলাদেশ ব্যাপী কাজ করার জন্য সমাজসেবা অধিদপ্তর থেকে অনুমোদন নেওয়ার বিষয়ে সিনিয়র ম্যানেজার (এইচআর) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
১০. নিম্নোক্ত সদস্যদের বাদ দিয়ে জানুয়ারী থেকে নতুন সদস্য ভর্তি করানোর কাজ শুরু করতে হবে। এরিয়া ম্যানেজার এবিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশণা দিবেন।
১১. আগামী ৪ জানুয়ারী রোজ বুধবার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। সিনিয়র ম্যানেজার (এইচআর) এবিষয়ে শাখা ব্যবস্থাপকদের ইমেইলের মাধ্যমে জানিয়ে দিবেন।
১২. সিনিয়র ম্যানেজার (এইচআর) এবং পরিচালক (কার্যক্রম) ৩ জানুয়ারী চর কুর্কি মুর্কিতে পিকেএসএফ এর অর্থায়ণে এফডিএ কর্তৃক বাস্তবায়িত প্রকল্প এলাকা ভিজিট করবেন এবং ৮ জানুয়ারী নির্বাহী পরিচালকের কাছে রিপোর্ট দাখিল করবেন।
১৩. কর্মীদের বেতন বৃদ্ধির জন্য কী পরিমাণ অতিরিক্ত অর্থ লাগবে তার একটি এনালাইনিস রিপোর্ট প্রধান হিসাব রক্ষক নির্বাহী পরিচালকের কাছে দাখিল করবেন।
১৪. আগামী ১০ জানুয়ারী, ২০২৩ইং মধ্যে সকল কর্মীর বার্ষিক মূল্যায়ণ ফরম শাখা ব্যবস্থাপকগণ এরিয়া ম্যানেজারের মাধ্যম হয়ে এইচআর বিভাগে জমা দিবেন।
১৫. এনবিআর থেকে গ্রাচুয়িটি তহবিলের অনুমোদন নেওয়ার জন্য সিনিয়র ম্যানেজার (এইচআর) এবং পরিচালক (কার্যক্রম) ও আগামী জানুয়ারী, ২৩ইং মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

সভাপতি মহোদয় উপরোক্ত সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সকলকে তাগিদ দেন এবং এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। বিশেষ আর কোন আলোচনা না থাকায় তিনি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

প্রস্তুতকারী

মো: রমিজ উদ্দিন

